

আল-আনকাবূত | Al-Ankabut | الْعَنْكَبُوت

আয়াতঃ ২৯ : ৩৯

আরবি মূল আয়াত:

وَقَارُونَ وَفِرْعَوْنَ وَهَامَانَ لَقَدْ جَاءَهُمْ مُوسَى بِالْبَيِّنَاتِ فَاسْتَكْبَرُوا
فِي الْأَرْضِ وَمَا كَانُوا سَبْقِينَ ﴿٣٩﴾

অনুবাদসমূহ:

আর কারুন, ফির'আউন ও হামানকে (আমি ধ্বংস করেছি) এবং অবশ্যই তাদের কাছে মুসা গিয়েছিল প্রমানাদিসহ। অতঃপর তারা যমীনে অহংকার করেছিল; এতদসত্ত্বেও তারা (আমার আযাব) এড়াতে পারেনি। — আল-বায়ান

(স্মরণ কর) কারুন, ফেরাউন ও হামানের কথা। মুসা তাদের কাছে সুস্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিল, অতঃপর তারা পৃথিবীতে অহংকার করল, কিন্তু তারা (আমাকে পেছনে ফেলে) আগে বেড়ে যেতে পারেনি। — তাহসিরুল

স্মরণ কর কারুন, ফির'আউন ও হামানকে; মুসা তাদের নিকট সুস্পষ্ট নিদর্শন নিয়ে এসেছিল; তখন তারা দেশে দম্ব করত; কিন্তু তারা আমার শাস্তি এড়াতে পারেনি। — মুজিবুর রহমান

And [We destroyed] Qarun and Pharaoh and Haman. And Moses had already come to them with clear evidences, and they were arrogant in the land, but they were not outrunners [of Our punishment]. — Sahih International

৩৯. আর আমরা ধ্বংস করেছিলাম কারুন, ফির'আউন ও হামানকে। আর অবশ্যই মুসা তাদের কাছে সুস্পষ্ট নিদর্শনসহ এসেছিল; অতঃপর তারা যমীনে অহংকার করেছিল; কিন্তু তারা আমার শাস্তি এড়াতে পারেনি।

তাফসীরে জাকারিয়া

(৩৯) এবং আমি ধ্বংস করেছিলাম কারুন, ফির'আউন ও হামানকে; মুসা ওদের নিকট সুস্পষ্ট নিদর্শন সহ এসেছিল;[1] তখন তারা দেশে অহংকার প্রদর্শন করল; কিন্তু ওরা আমার শাস্তি এড়িয়ে যেতে পারেনি। [2]

[1] অর্থাৎ, প্রমাণ ও মু'জিয়ার কোন প্রভাব তাদের উপর হল না। আর তারা অহংকারের পথ পরিহার করল না।

অর্থাৎ, ঈমান ও তাকওয়ার রাস্তা হতে মুখ ফিরিয়ে রইল।

[2] অর্থাৎ, আমার পাকড়াও হতে বাঁচতে সক্ষম হয়নি; বরং তারা আমার আযাবে পতিত হয়েছে। এর অন্য এক অনুবাদ হল, তাঁরা কুফরীতে অগ্রগামী ছিল না; বরং এর পূর্বে অনেক এমন জাতি পৃথিবীতে এসেছিল যারা অনুরূপ কুফরীর রাস্তা অবলম্বন করেছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3379>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন